

তথ্য কমিশনে ২৬/০২/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৮ টি অভিযোগের শুনানীশেষে ০৫ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০২ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়। এছাড়া ০২ টি গ্রহণযোগ্যতা বিষয়ক অভিযোগেরও শুনানী করা হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে লক্ষীপুর জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, কুমিল্লার উত্তর ইলিয়টগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিব, খাগড়াছড়ির মিলনপুর ওয়াই.ডব্লিউ.সি. এর সাধারণ সম্পাদক, রূপালী ব্যাংক লিমিটেডের ঢাকা দিলকুশা হেড অফিসের উপ-মহাব্যবস্থাপক, নারায়ণগঞ্জের মেসার্স ভার্ডন এপারেলস লিমিটেডের পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক ও চেয়ারম্যান, নারায়ণগঞ্জের মেসার্স ক্লিমিং ডিজাইন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এবং যশোর বাঘারপাড়া উপজেলা মৎস কর্মকর্তার বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে রূপালী ব্যাংক লিমিটেডের ঢাকা দিলকুশা লোকাল অফিসের মহাব্যবস্থাপক ও সোনালী ব্যাংক লিমিটেডের মতিঝিল লোকাল অফিসের মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন

ধারণা করা হয়। কুমিল্লার নাঙ্গলকোট উপজেলার চলন মহাবিদ্যালয়ের অধ্যক্ষের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান, তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার অধ্যাপক ড. খুরশীদা বেগম সাজিদা।

স্বাঃ-

(লিটন কুমার প্রামানিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd